**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 27 AUGUST 2026 ,THURSDAY|২৭ আগস্ট ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-264


## শিলিগুড়ি কোর্ট মোড়ে টোটো চালকদের থেকে তোলাবাজি বন্ধের হুঁশিয়ারি দিলেন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৬ আগস্ট :** শিলিগুড়ি কোর্ট মোড়ে এক শ্রেনীর অসাধু ব্যক্তি টোটো চালকদের থেকে দীর্ঘদিন ধরে তোলা তুলছে। রাজ্যের পর্যটন মন্ত্রী তথা শিলিগুড়ির বিধায়ক ডঃ শঙ্কর ঘোষ এই অভিযোগ পেয়ে বুধবার বিষয়টি খতিয়ে দেখতে শিলিগুড়ির কোর্ট মোড়ে যান। রাস্তায় হেঁটে হেঁটে টোটো চালকদের সাথে কথা বলেন। এরপর তিনি মাইক হাতে নিয়ে এধরনের তোলাবাজি বন্ধ করার জন্য বলেন। টোটো চালকদের ও বলেন কাউকে তোলা না দিতে। মন্ত্রী এটাও জানিয়ে দেন পরবর্তীতে এধরনের অভিযোগ পেলে পুলিশী ব্যবস্থা গ্রহন করা হবে। পাশাপাশি এদিন টোটো ও অটো কোর্ট মোড়ে যত্রতত্র দাঁড়িয়ে থাকায় যে যান জটের সৃষ্টি হয় সেটিও মন্ত্রীর নজরে আসায় তিনি অটো ও টোটো চালকদের সতর্ক করে দেন। তার সাথে থাকা পুলিশ আধিকারিকদের বিষয়টিতে বিশেষ নজর দিতে বলেন। উল্লেখ্য এদিন পর্যটন মন্ত্রীর সাথে ছিলেন এডিসিপি ট্রাফিক পূর্ণিমা শেরপা ও এসিপি ট্রাফিক সুবীর দত্ত।

## নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে জেলা প্রশাসনের অভিযান



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট :** নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মুল্য নিয়ন্ত্রণে আলিপুরদুয়ার জেলা প্রশাসনের আধিকারিকগন বুধবার জেলার কয়েকটি হাট ও বাজার পরিদর্শন করেন। পরিদর্শনের সময় ক্রেতা বিক্রেতাদের সাথে তারা কথা বলেন ও মত বিনিময় করেন। জানা গেছে জেলা শাসক,পুলিশ সুপার,অতিরিক্ত জেলাশাসক,মহকুমাশাসক,মহকুমা পুলিশ আধিকারিক সহ জেলা প্রশাসনের অন্যান্য আধিকারিকগন প্রতিদিন জেলার বাজার,হাট গুলিতে পরিদর্শন করে নজরদারি চালাচ্ছেন। জেলা প্রশাসন সূত্রে জানানো হয় নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর নির্ধারিত মূল্য বজায় রাখা,অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধ করা ও সাধারন মানুষের স্বার্থ রক্ষাই এই অভিযানের মূল উদ্দেশ্য।

## জনগণের প্রয়োজনীয় পরিষেবা সঠিকভাবে পৌঁছে দেওয়াই আমাদের লক্ষ্য ,বললেন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২৬ আগস্ট :** পূর্ববর্তী সরকারের দীর্ঘ শাসনকালে বাংলার মানুষ বারবার দুর্নীতি এবং অনিয়মের মুখোমুখি হয়েছেন। চাল - ডাল ,আমফান থেকে কয়লা ,বালি প্রভৃতিতে বাংলার মানুষের প্রাপ্য নিয়ে চূড়ান্ত অনিয়ম হয়েছে বলে জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল।মন্ত্রী আরো বলেন ,"আমাদের সরকার পরিষেবা দিতে চায় । আমাদের মূল উদ্দেশ্য উন্নয়ন। উন্নয়নের অর্থ মানুষের দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় পরিষেবা গুলি দ্রুত, কার্যকর ভাবে এবং সহজেই তাদের নিকট পৌঁছে দেওয়া। প্রতিটি বাড়িতে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া, নিয়মিত রাস্তাঘাট পরিষ্কার রাখা। সাফাই কর্মীরা যাতে সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করতে পারেন এবং জনগণের প্রয়োজনীয় পরিষেবা সঠিকভাবে ও সময় মত পৌঁছে দেওয়াই আমাদের লক্ষ্য।"

## শিলিগুড়ি মহকুমা হাসপাতালের আধুনিকীকরণে গৃহীত হয়েছে একগুচ্ছ পরিকল্পনা ,জানালেন পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৬ আগস্ট :** শিলিগুড়ি মহকুমা হাসপাতালের আধুনিকীকরণের লক্ষ্যে এক গুচ্ছ পরিকল্পনা গ্রহন করা হয়েছে বলে জানান রজ্যের পর্যটন মন্ত্রী তথা শিলিগুড়ির বিধায়ক ডঃ শঙ্কর ঘোষ। বুধবার তিনি হাসপাতালটি পরিদর্শন করেন। তারপর জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক , হাসপাতাল সুপার ও রুগী কল্যান সমিতির অন্যান্যদের সাথে বৈঠকে আলোচনা করে হাসপাতাল আধুনিকীকরণ এর বিষয়ে একগুচ্ছ পরিকল্পনা গ্রহন করা হয়। বৈঠক শেষে মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান হাসপাতালটিকে পেপারলেস করার লক্ষ্যে উদ্যোগ গ্রহন করা হয়েছে। হাসপাতালে ডায়ালিসিস বিভাগে বর্তমানে পাঁচটি শয্যা আছে ,আরও পাঁচটি নতুন শয্যার ব্যবস্থা করা হবে। এর ফলে কিডনি রোগীদের পরিষেবা আরও সহজ হবে। হাসপাতালে পার্কিং সমস্যার সমাধান ,রোগী ও তাদের পরিবারের জন্য আরও উন্নত পরিকাঠামো গঠন ,পেডিয়াট্রিক বিভাগটিকে সম্পূর্ণ শীততাপ নিয়ন্ত্রিত করারও উদ্যোগ গ্রহন করাহয়েছে। পর্যটন মন্ত্রী জানান সব মিলিয়ে হাসপাতালটিকে আধুনিক প্রযুক্তিনির্ভর ও রোগী বান্ধব করে গড়ে তোলার লক্ষ্যে একাধিক পরিকল্পনা গ্রহন করা হয়েছে বলে জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

# নাকা চেকিং এ উদ্ধার আটত্রিশ হাজার চারশোটি মাদক ট্যাবলেট ,গ্রেপ্তার এক




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা পুলিশের বীরপাড়া থানার পুলিশ মঙ্গলবার রাতে নির্ভরযোগ্য সূত্রে খবর পায় শিলিগুড়ি থেকে একটি মারুতি সুইফট গাড়ি করে প্রচুর পরিমান মাদক ট্যাবলেট বীরপাড়ায় নিয়ে আসা হচ্ছে। খবর পেয়ে পুলিশ এথেলবাড়ি নাকা চেকিং পয়েন্টে ওঁত পেতে থেকে নির্দিষ্ট গাড়িটি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় দুটি কার্টনে রাখা একশ ষাট বাক্স অর্থাৎ মোট আটত্রিশ হজার চারশোটি ট্রামাডোল হাইড্রোক্লোরাইড ট্যাবলেট। চালক এই ট্যাবলেটের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাকে গ্রেপ্তার করে পুলিশ। উদ্ধার করা মাদক ট্যাবলেট সহ গাড়িটি বাজেয়াপ্ত করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃত চালকের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় বীরপাড়া থানায় মামলা রুজু করে ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। পুলিশ এই পাচার চক্রের অন্যান্য সদস্যদের সন্ধানে তল্লাশী জারী রেখেছে।

# আলিপুরদুয়ারে ডাস্টবিনে ২৯ টি আধার কার্ড মিললো





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট :** পুরসভার ডাস্টবিনে ২৯ টি আধার কার্ড মিললো আলিপুরদুয়ার শহরে। গত সোমবার স্থানীয় পুরসভার সাফাই কর্মীরা শহরের ১৮ নম্বর ওয়ার্ডের পুরাতন পুলিশ ফাঁড়ি এলাকার একটি ডাস্টবিন পরিষ্কার করার সময় ওই ফেলে দেওয়া আধার কার্ড গুলি দেখতে পেয়ে স্থানীয় কাউন্সিলর অপরূপা রায়ের কাছে জমা করেন। মঙ্গলবার রাতে অপরূপা রায় ওই আধার কার্ড গুলির ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করলে বিষয়টি নিয়ে হইচই পড়ে যায়। ঘটনায় নজর পড়ায় বুধবার আলিপুরদুয়ার থানার পুলিশ আধিকারিক ও ডিআইবি আধিকারিকরা অপরূপা রায়ের বাড়িতে গিয়ে ওই পরিত্যক্ত আধার কার্ড গুলি নেজেদের হেফাজতে নেন। ওই আধার কার্ড গুলি আলিপুরদুয়ার -২ ব্লকের পশ্চিম চেপানির একটি নির্দিষ্ট এলাকার বাসিন্দাদের নামে ইস্যু করা হয়েছিল। আলিপুরদুয়ার পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর অপরূপা রায় বলেন 'সাফাই কর্মীরা ২৯ টি আধার কার্ড ডাস্টবিন থেকে পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করে আমার কাছে জমা করেন। আমি ওই আধার কার্ড গুলি পুলিশের কাছে হস্তান্তর করেছি। কে বা কারা ওই আধার কার্ড গুলি ডাস্টবিনে ফেলে গেছে, সেই সম্পর্কে আমার কাছে কোনোও তথ্য নেই।'

# ধর্ষিতার পরিবারকে হুমকি ,অভিযোগ বন এবং পরিবেশ মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এর কাছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট :** ধর্ষিতার পরিবারকে অভিযুক্তদের পরিবারের পক্ষ থেকে হুমকি দেওয়া হচ্ছে । এমন অভিযোগ জমা পড়েছে পশ্চিমবঙ্গ সরকারের বন এবং পরিবেশ দপ্তরের মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এর কাছে। গত দুদিন আগে শামুকতলা থানা এলাকার ১৬ বছরের আদিবাসী নাবালিকাকে ধর্ষণ করে দুই বন্ধু । এরপর নাবালিকার নিকট আত্মীয় থানায় অভিযোগ দায়ের করে। অভিযোগের পরেই শামুকতলা থানার পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করে আদালতে পাঠায়। অভিযুক্তদের গ্রেপ্তারের পরেই বিভিন্ন দিক থেকে হুমকি আসছে ধর্ষিতা পরিবারের নিকট আত্মীয়দের কাছে। বিষয়টি নিয়ে মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এর কাছে অভিযোগ জানানো হয়েছে। মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ জানিয়েছেন বিষয়টি আমি শুনেছি খুব শীঘ্রই আমি নিজেই ওই পরিবারের সঙ্গে দেখা করব এবং ওই পরিবারের পাশে সব সময় থাকবো।



# ভোটার তালিকায় নাম তুলতে পাঁচ হাজার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট :** এসআইআর তালিকা থেকে নাম বাদ গেছে আর তাদের বাড়িতেই হানা দিচ্ছে একটি দল। ৫০০০ টাকা দিলেই বাদ যাওয়া এস আই আর তালিকা থেকে নাম উঠে যাবে ভোটার তালিকায়। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক এ এস আই আর তালিকায় নাম বাদ যাওয়া ব্যক্তিদের অনেকের বাড়িতেই যাচ্ছেন একটি চক্র । এই চক্রের সঙ্গে জড়িত রয়েছে অন্ততপক্ষে ৫ থেকে ৭ জন। সূত্রের খবর বেশ কিছু যাবত এই চক্র ঘুরে বেড়াচ্ছে আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের বেশ কিছু গ্রামে। নাম প্রকাশে অনিচ্ছুক এফ আই আর তালিকা থেকে বাদ যাওয়া এক ব্যক্তি জানিয়েছেন ৫০০০ টাকা চাওয়া হয়েছিল তার কাছে ভোটার তালিকায় নাম তুলে দেওয়ার জন্য। কিন্তু তিনি রাজি না হয়ে এলাকার স্থানীয় এক ব্যক্তিকে বিষয়টি জানান। স্থানীয় ব্যক্তি মারফত খবরটি পৌঁছায় বিভিন্ন বিভিন্ন জনের কাছে। তবে কোন সরকারি আধিকারিক এর বিষয়টি নিয়ে মন্তব্য পাওয়া যায়নি।

# গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করল বৃদ্ধ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ আগস্ট :** গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করলো ৬৫ বছর বয়স্ক এক ব্যক্তি। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানার টট পাড়া ১ গ্রাম পঞ্চায়েতের বসপাড়া এলাকায়। বেশ কিছুদিন যাবত দুরারোগ্য রোগে আক্রান্ত হয়েছিল ৬৫ বছর বয়স্ক পূর্ণ বর্মন। আগামীকাল তাকে চিকিৎসার জন্য গৌহাটি এইমসে নিয়ে যাওয়ার কথা ছিল তার আগেই তিনি গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করলেন তার নিজের বাড়িতেই বুধবার বিকেল সাড়ে চারটা নাগাদ। তার মৃত্যুতে এলাকার বাসিন্দারা শোকোস্তব্ধ হয়ে পড়েছেন। শেষবারের মতো তাকে দেখার জন্য ভিড় জমিয়েছেন পাড়া-প্রতিবেশীরা তার বাড়ির সহ রাস্তায়। শামুকতলা থানার পুলিশ জানিয়েছে মৃতদেহ উদ্ধার করে থানায় নিয়ে যাওয়া হবে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করা হবে। ময়নাতদন্তে রিপোর্ট আসার পরেই প্রকৃত মৃত্যুর কারণ জানা যাবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |